ত্রৈমাসিক
# সমবায় বার্তা
CO-OPERATIVE NEWS LETTER
মার্চ ২০১৮




## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে"র স্বীকৃতি লাভ

ইউনেস্কো ৩০ অক্টোবর, ২০১৭ তারিখে বিশ্বের ডকুমেন্টারী ঐতিহ্যের অংশ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ স্বীকৃতি পেয়েছে। জাতির পিতার ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে, এটি ইউনেস্কো কর্তৃক পরিচালিত বিশ্বের গুরুত্বপূর্ণ তথ্যচিত্রের তালিকা। ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভা প্যারিসে ইউনেস্কোর সদর দপ্তরে গত ৩০ অক্টোবর এ সিদ্ধান্ত ঘোষণা করেন। ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর ঐতিহাসিক ভাষণে মুক্তিকামী বাঙালির প্রতি পাকিস্তানি শাসকদের বিরুদ্ধে সংগ্রামের আহ্বান জানিয়েছিলেন। তৎকালীন রেসকোর্স (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) ময়দানে বিশাল জনসমাবেশে বজ্রকণ্ঠে বঙ্গবন্ধু তাঁর ভাষণে বলেন, "...প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। তোমাদের যা কিছু আছে তা নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে।"

"মনে রাখবা রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাল্লাহ।"

"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে"র স্বীকৃতি লাভ করায় সমবায় অধিদপ্তরের আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রায় নিবন্ধক ও মহাপরিচালক আব্দুল মজিদ ও অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিগণ অংশগ্রহণ করেন।

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যে"র স্বীকৃতি লাভ করায় সমবায় অধিদপ্তরের আনন্দ শোভাযাত্রা






৪৬তম জাতীয় সমবায় দিবস ২০১৭ এর উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এম.পি জাতীয় পতাকা এবং প্রতিমন্ত্রী মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ এম.পি সমবায় পতাকা উত্তোলন করছেন

# ৪৬তম জাতীয় সমবায় দিবস পালিত

স্বাধীনতা-পরবর্তী এ দেশে সমবায় আন্দোলনকে জোরদার করতে বিভিন্ন সময়ে নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। সমবায় আইন প্রণয়ন, সংশোধন ও বিধিমালা জারি, প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠাসহ বিভিন্ন প্রকল্প গ্রহণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ভিত্তিক কাজ করে যাচ্ছে সরকার।

সমবায় সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সমবায় আন্দোলনে গতি আনতে স্বাধীনতার পর থেকে প্রতিবছর নভেম্বর মাসের প্রথম শনিবার সরকারিভাবে পালন করা হয় জাতীয় সমবায় দিবস। গত ৪ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে ৪৬তম জাতীয় সমবায় দিবস। এ বছর দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে “উৎপাদনমুখী সমবায় করি, উন্নত বাংলাদেশ গড়ি”।

দিবসটি উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উদ্যোগে সকাল ৮টায় রাজধানীর মৎস্য ভবন মোড় থেকে শোভাযাত্রা বের করা হয়। সকাল ৯টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয় “উৎপাদনমুখী সমবায় করি, উন্নত বাংলাদেশ গড়ি” শীর্ষক আলোচনাসভা। একই অনুষ্ঠানে সকাল সাড়ে ১০টায় জাতীয় সমবায় পুরস্কার-২০১৫ বিতরণ করা হয়।




৪ নভেম্বর ২০১৭ তারিখে ৪৬তম জাতীয় সমবায় দিবস ২০১৭ উদ্‌যাপনের প্রাক্কালে অনুষ্ঠিত সমবায় র‍্যালিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ এম.পি-এর নেতৃত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা এবং সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ, কর্মকর্তা-কর্মচারি ও সমবায়ীরা অংশগ্রহণ করেন।




জাতীয় সমবায় পুরস্কার-২০১৫ প্রাপ্তদের সঙ্গে অতিথিবৃন্দ




অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এম.পি, প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন




স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ এম.পি, বিশেষ অতিথির বক্তব্য দিচ্ছেন




পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা বক্তব্য দিচ্ছেন




বক্তব্য দিচ্ছেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ




বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সভাপতি শেখ নাদির হোসেন লিপু বক্তব্য দিচ্ছেন

# সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন

গত ৪ নভেম্বর ২০১৭ তারিখে সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন করা হয়। বিভাগ, জেলা ও উপজেলায় সমবায় র‍্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রে ঢাকা বিভাগ।

## ঢাকা বিভাগ















# সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন

৪৬তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে খুলনা বিভাগের, জেলা ও উপজেলায় সমবায় র‍্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রে খুলনা বিভাগ।

## খুলনা বিভাগ




বাগেরহাট




খুলনা




মাগুরা




যশোর




কুষ্টিয়া

# সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন

৪৬তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে বরিশাল বিভাগের, জেলা ও উপজেলায় সমবায় র‍্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রে বরিশাল বিভাগ।

## বরিশাল বিভাগ



ঝালকাঠি



বরিশাল


পটুয়াখালী


পটুয়াখালী



বরিশাল

# সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন

৪৬তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে চট্টগ্রাম বিভাগের, জেলা ও উপজেলায় সমবায় র‍্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রে চট্টগ্রাম বিভাগ।

## চট্টগ্রাম বিভাগ















# সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন

৪৬তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে রংপুর ও ময়মনসিংহ বিভাগের, জেলা ও উপজেলায় সমবায় র‍্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রে রংপুর ও ময়মনসিংহ বিভাগ।

## রংপুর ও ময়মনসিংহ বিভাগ



জয়পুরহাট



রংপুর

ময়মনসিংহ বিভাগ



শেরপুর



ময়মনসিংহ



জামালপুর

# সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন

৪৬তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে সিলেট ও রাজশাহী বিভাগের, জেলা ও উপজেলায় সমবায় র‍্যালি, পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রে সিলেট ও রাজশাহী বিভাগ।

## সিলেট ও রাজশাহী বিভাগ










## রাজশাহী বিভাগ






# স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী-এর ময়মনসিংহ সফর




গত ১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. তারিখে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন, এমপি ময়মনসিংহ সমবায় বিভাগীয় কার্যালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সমবায়ীদের সাথে মতবিনিময় করেন। সভায় মন্ত্রী বলেন সমবায় বিভাগ চলতি বছরের মধ্যেই তার হারানো গৌরব ফিরে পাবে। সমবায় বিভাগের দুর্বলতা কাটিয়ে তুলতে সমবায়ের বিধিবিধান যুগোপযোগী করা হবে।

তিনি বলেন, আগামী এক মাসের মধ্যে দেশব্যাপী সমবায়ীদের উপযোগী প্রশিক্ষণ ব্যাপকভাবে শুরু করা হবে। মন্ত্রী আরো বলেন, কৃষি ঋণের মাধ্যমে সমবায়ের জন্ম হয়েছিল। সমবায় ছাড়া জাতীয় উন্নয়ন ও সামাজিক দায়বদ্ধতা সম্ভব নয়। তিনি বলেন, বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ যা বিশ্বের কাছে রোল মডেল। এ অর্জনের পেছনে ৯০ ভাগ দাবিদার সমবায়ীরা। সমবায় ছাড়া উন্নয়ন সম্ভব নয়। অনুষ্ঠান শেষে মন্ত্রী মহোদয় উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের মাঝে ঋণের চেক বিতরণ করেন।

১৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. তারিখ সার্কিট হাউস কনফারেন্স হলে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন, এমপি সমবায় বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। সভায় সমবায় অধিদপ্তরের উন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।









# সমবায় অধিদপ্তরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

মহান স্বাধীনতা ও জাতীয়  দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে ২৬ মার্চ, ২০১৮ তারিখে সমবায় অধিদপ্তরে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারির অংশগ্রহণে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। কর্মসূচির মধ্যে ছিল ধানমন্ডির ৩২ নম্বরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, সমবায় অধিদপ্তরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, আলোচনা ও দোয়া মাহফিল, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ। সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ অনুষ্ঠানে উপস্থিত থেকে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

# সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত






৩০ ডিসেম্বর ২০১৭ তারিখে সমবায় অধিদপ্তরে সেবা সহজিকরণ কর্মশালার উদ্বোধন করা হয়। এতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা ও সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদসহ সমবায় অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




# নিরাপদ ও ভেজালমুক্ত সমবায় পণ্য কিনুন

দেশে সমবায় সমিতির মাধ্যমে সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারে পাওয়া যাচ্ছে। কৃষকগণ নিজেদের উদ্ভাবিত জৈব সার ও উন্নত বীজ ব্যবহার করে কৃষিসহ বিভিন্ন ধরণের পণ্য উৎপাদন করে থাকে। এসব পণ্য গুনগত মান সম্পন্ন, ভেজালমুক্ত ও স্বাস্থ্যের জন্য নিরাপদ। যা আন্তর্জাতিক বাণিজ্য মেলা, সমবায় অধিদপ্তরের ‘সমবায় বাজার কনসোর্টিয়াম’সহ দেশের বিভিন্ন ব্যবসা কেন্দ্রে সুলভ মূল্যে পাওয়া যায়। সমবায় পণ্যের মধ্যে রয়েছে– মহিলাদের ব্লক বাটিক করা থ্রি পিছ, বাচ্চাদের পোশাক, বড়দের পাঞ্জাবী, হাতে বোনা চাঁদর, জামদানি শাড়ি, লুঙ্গি, রংপুরের বিখ্যাত শতরঞ্জি, পাপস, ফ্লোর ম্যাট, টেবিল ম্যাট, বিভিন্ন ধরণের লেডিস ব্যাগ, টিফিন ব্যাগ, চামড়াজাত পণ্য যেমন- জুতা, বেল্ট, জ্যাকেট, ব্যাগ, পার্টস, মানিব্যাগ, চাবির ব্যাগ, অর্গানিক পণ্য যেমন- ঢেঁকিছাটা চাল, খেজুরের গুড়, মধু, কালিজিরার তৈল, হাতে ভাজা মুড়ি, বিভিন্ন ধরনের ডাল, শুটকি ও মিল্কভিটার দুগ্ধজাত পণ্যসহ ইত্যাদি।

# উন্নয়ন মেলা ২০১৮-এ সমবায় অধিদপ্তরের অংশগ্রহণ

গত ১১ থেকে ১৩ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত ৩ দিনব্যাপী সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে একযোগে উন্নয়ন মেলা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সরকারের বহুমূখী তৎপরতা অব্যাহত রয়েছে। সরকারের সকল উন্নয়ন কর্মকান্ড ও সাফল্য প্রান্তিক পর্যায়ের জনগণের কাছে তুলে ধরা, যাতে তারাও উন্নয়ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত হতে পারে এ লক্ষ্যে উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের সরাসরি তত্ত্বাবধানে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগের নির্দেশনায় জেলা ও উপজেলা পর্যায়ে এ মেলা অনুষ্ঠিত হয়। সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের ৬৪টি জেলা ও ৪৯৪টি উপজেলা সমবায় কার্যালয় উন্নয়ন মেলা-২০১৮ এ অংশগ্রহণ করে। এর মধ্যে জেলা ও সদর উপজেলা ৭টি এবং অন্যান্য ২১টি উপজেলাসহ মোট ২৮টি স্টলের মধ্যে ১ম স্থান- ৬টি, ২য় স্থান-৯টি, ৩য় স্থান-১১টি, ৫ম স্থান- ১টি এবং ৬ষ্ঠ স্থান-১টি অর্জন করে।



ময়মনসিংহের ফুলপুরে উন্নয়ন মেলা ২০১৮ এ যুগ্মভাবে প্রথম হয়েছেন মোঃ কামরুজ্জামান, উপজেলা সমবায় অফিসার, ফুলপুর, ময়মনসিংহ। পুরস্কার গ্রহণ করছেন মোঃ কামরুজ্জামান উপজেলা সমবায় অফিসার।



উন্নয়নমেলা ২০১৮ এ উপজেলা সমবায় কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ অংশগ্রহণ করে যৌথভাবে প্রথম হয়েছে। ১৩ জানুয়ারি ২০১৮ তারিখে সমাপনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ উপজেলা সমবায় অফিসার মোহাম্মদ দেলোয়ার হোসেনকে পুরস্কার প্রদান করেন।



পঞ্চগড় জেলা কর্তৃক আয়োজত 'উন্নয়ন মেলা ২০১৮'এ উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর মোঃ মামুন কবীরকে শ্রেষ্ঠ কর্মকর্তা হিসেবে প্রথম পুরস্কার প্রদান করা হয়েছে।



উন্নয়ন মেলা-২০১৮ এর শ্রেষ্ঠ স্টলের পুরস্কার গ্রহণ করছেন জেলা সমবায় অফিসার, নড়াইল।



উন্নয়ন মেলা ২০১৮ এর শ্রেষ্ঠ অফিসারের পুরস্কার গ্রহণ করছেন খোদেজা খানম, উপজেলা সমবায় অফিসার, সখিপুর, টাংগাইল



গত ১১-১৩ জানুয়ারি ২০১৮ তারিখে নাটোরে অনুষ্ঠিত জাতীয় উন্নয়ন মেলা' ২০১৮ তে নাটোর জেলা সমবায় অফিস সক্রিয়ভাবে অংশগ্রহণ করে ১২০টি স্টলের মধ্যে তৃতীয় স্থান লাভ করে। জেলা প্রশাসক, নাটোর-এর নিকট হতে পুরস্কার গ্রহণ করছেন জেলা সমবায় অফিসার, নাটোর এ, কে, এম নাজমুল হুদা। এ সময় জেলা জজ ও পিপি উপস্থিত ছিলেন।



উপজেলা প্রশাসন, ছাতক, সুনামগঞ্জ কর্তৃক আয়োজিত ৩ দিন ব্যাপী অনুষ্ঠিত উন্নয়ন মেলা-২০১৮ তে অংশগ্রহণ করে উপজেলা সমবায় কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ এর স্টল ''সেরা স্টল-প্রথম স্থান'' অর্জন করে।

# "ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭" আইসিটি বিষয়ক মেলায় সমবায় অধিদপ্তরের অংশগ্রহণ




গত ০৬-০৯ ডিসেম্বর, ২০১৭ তারিখ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় "ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭" শীর্ষক আইসিটি বিষয়ক মেলা অনুষ্ঠিত হয়েছে। সমবায় অধিদপ্তরের নির্বাচিত ৬ টি উদ্ভাবনী ই-সেবা মেলার ই-গর্ভনেন্স জোনে প্রর্দশন করা হয়।

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব এর সিলেট সফর



জৈন্তাপুর উপজেলার উত্তর কামরাঙ্গীখেল লালাখাল যাত্রীবাহী নৌকা মালিক সমবায় সমিতি লিঃ পরিদর্শন করছেন সচিব




পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা জৈন্তাপুর উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংক এর উদ্বোধন করেন

বিগত ১-৩ জানুয়ারি ২০১৮ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা সিলেট বিভাগের বিভিন্ন উপজেলার 'একটি বাড়ী একটি খামার' প্রকল্প ও জৈন্তাপুর উপজেলার উত্তর কামরাঙ্গীখেল লালাখাল যাত্রীবাহী নৌকা মালিক সমবায় সমিতি লিঃ পরিদর্শন করেন। এ সময় তিনি সমবায় সমিতির কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার মাধ্যমে সমিতির সার্বিক উন্নয়নসহ সদস্যদের জীবনমান উন্নয়নে সমিতির ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। তাছাড়া সচিব জৈন্তাপুর উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংক এর উদ্বোধন করেন। এসব অনুষ্ঠানে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ, স্থানীয় প্রশাসন ও সমবায় দপ্তরের সিলেট বিভাগের স্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




# "প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালন" কর্মশালা অনুষ্ঠিত

উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় গত ১৮ জানুয়ারি তারিখে "প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালন"-শীর্ষক কর্মশালা সমবায় অধিদপ্তরের তিতাস সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন। প্রকল্পের আওতায় প্রত্যেক সদস্য দুইটি করে বকনা ক্রয়ের জন্য ৫০ হাজার থেকে এক লক্ষ টাকা এবং ক্রয়কৃত বকনার খাদ্য ও আনুষংগিক ব্যয় নির্বাহ বাবদ ১০ হাজার থেকে ২০ হাজার টাকা হারে কার্যকরী মূলধন হিসেবে ঋণ সহায়তা পাবেন। অনুষ্ঠানে প্রকল্প পরিচালক মোঃ আসাদুজ্জামান, অতিরিক্ত নিবন্ধক (ইপিপি) মোঃ ফখরুল ইসলাম এবং অতিরিক্ত নিবন্ধক মোঃ আহসান কবির উপস্থিত ছিলেন।

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরূহা সুলতানা'র খুলনা বিভাগের সমবায় কর্মকর্তাদের সাথে মতবিনিময়




বিগত ২৭ ডিসেম্বর ২০১৭ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরূহা সুলতানা খুলনা বিভাগের জেলা সমবায় কর্মকর্তা ও আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটের অধ্যক্ষগণের সাথে মতবিনিময় সভায় দিকনির্দেশনামূলক গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। উক্ত সভায় সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ উপস্থিত ছিলেন। সচিব তাঁর বক্তব্যে স্ব-উদ্যোগে গঠিত সমবায় সমিতিগুলোকে আরো বেশি মনিটরিং ও সেবাগ্রহীতাদের হয়রানি বন্ধ করার কার্যকর ভূমিকা রাখতে সমবায় কর্মকর্তাদের পরামর্শ দেন। তিনি তার দিকনির্দেশনামূলক বক্তব্যে পেশাগত কাজের বাইরে সামাজিক কাজ কর্মে এবং দুর্নীতি পরিহার করে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার জন্য বলেন।



# সমবায় অধিপ্তরের ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ২৯ ডিসেম্বর ২০১৭ তারিখে সমবায় অধিদপ্তরের ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কোর্স অধিদপ্তরের সম্মেলন কক্ষে নিবন্ধক ও মহাপরিচালক আব্দুল মজিদ উদ্বোধন করেন। ২৯ ও ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখ দুই দিনব্যাপী এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ২৮জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। মোঃ দৌলতুজ্জামান খান (উপ সচিব), ন্যাশনাল কনসালটেন্ট, পোর্টাল ইমপ্লিমেন্টেশন, এটুআই প্রোগাম, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং শিশির রঞ্জন রায়, ন্যাশনাল কনসালটেন্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দেন।

# নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এর সাথে যশোরের সমবায়ীগণের মতবিনিময়




বিগত ১ মার্চ ২০১৮ তারিখে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ যশোর জেলা সমবায় কার্যালয়ে সমবায়ীগণের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় সভায় যশোরের বিশিষ্ট সমবায়ীগণ অংশগ্রহণ করেন। উক্ত সভায় যুগ্মনিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা উপস্থিত ছিলেন। সমবায়ীগণ তাঁদের বিভিন্ন সমস্যা নিবন্ধক ও মহাপরিচালক এর সামনে তুলে ধরেন। নিবন্ধক ও মহাপরিচালক তাঁদের সমস্যা সমাধানের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। যশোরের আট উপজেলা সমবায় অফিসারগণের সাথেও তিনি মতবিনিময় করেন এবং বিভাগীয় কাজে আরো গতিশীলতা আনয়নের জন্য গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

# কর্মকর্তা এবং সমবায়ীগণের মালয়েশিয়ায় বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ



গত ২০-২৬ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তরের কর্মকর্তা এবং সমবায়ীগণের সমন্বয়ে মালয়েশিয়ায় বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। কোঅপারেটিভ কমিশন, মালয়েশিয়ার ডাইরেক্টর, ফরেন এফেয়ার্স এর হাতে ক্রেস্ট প্রদান করছেন বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের টীম লীডার মোঃ ফখরুল ইসলাম, অতিরিক্ত নিবন্ধক। এ সময় বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা এবং সমবায়ীগণ উপস্থিত ছিলেন।

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব-এর চট্টগ্রামে সমবায় সমিতি পরিদর্শন





চট্টগ্রাম জেলার নবঘোষিত কর্ণফুলী উপজেলায় বিভিন্ন দুগ্ধ উৎপাদনকারীসহ বিভিন্ন সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন করছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা





## কাল্‌ব-এর ৩০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্‌ব)-এর ৩০তম বার্ষিক সাধারণ সভা ২০ অক্টোবর, ২০১৭ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাল্‌বের চেয়ারম্যান জোনাস ঢাকী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরুহা সুলতানা এবং বিশেষ অতিথির বক্তব্য রাখেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ।



বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লায় ১৯ নভেম্বর থেকে ৩ ডিসেম্বর পর্যন্ত সমবায় সমিতির মহিলা সদস্যদের অংশগ্রহণে আইজিএ (সেলাই) প্রশিক্ষণে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আবদুল মজিদ প্রশিক্ষণার্থীদের সাথে মতবিনিময় করেন। তিনি সঞ্চয়ের মাধ্যমে পুজিঁগঠন করে সমিতির মূলধন বৃদ্ধি করার নির্দেশনা প্রদান করেন। সমবায় আইন ও বিধির আলোকে সমবায় সমিতিসমূহ পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করেন। নিয়মিত শেয়ার-সঞ্চয় জমা, সভা অনুষ্ঠান, নির্বাচন অনুষ্ঠান, বার্ষিক সাধারণ সভা যথাসময়ে অনুষ্ঠানের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

# জাতীয় সমবায় পুরস্কার ২০১৫ প্রাপ্ত শ্রেষ্ঠ সমবায় সমিতি, সমবায়ী ও রোকেয়া পদক ২০১৪ প্রাপ্ত এর সংবর্ধনা অনুষ্ঠিত







গত ১৫ নভেম্বর ২০১৭ তারিখে সমবায় অধিদপ্তরের তিতাস সম্মেলন কক্ষে ঢাকা বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক আয়োজিত ঢাকা বিভাগের জাতীয় সমবায় পুরস্কার-২০১৫ প্রাপ্ত শ্রেষ্ঠ সমবায় সমিতি, সমবায়ী ও বেগম রোকেয়া পদক ২০১৪ প্রাপ্তগণদের সংবর্ধনা প্রদান করা হয়। ঢাকা বিভাগের যুগ্ম নিবন্ধক মোঃ রুহুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

## সমবায় অধিদপ্তরের অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



গত ১৩ নভেম্বর ২০১৭ তারিখে সমবায় অধিদপ্তরের অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। সংবর্ধনা অনুষ্ঠানে ক্রেস্ট প্রদান করছেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ। সমবায় অধিদপ্তরে যে সকল কর্মকর্তা/কর্মচারী অবসর উত্তর ছুটিতে গমণ করছেন, তাঁরা হলেন : যুগ্ম-নিবন্ধক মোঃ হাবিবুল ইসলাম, যুগ্ম-নিবন্ধক হোসনে আরা বেগম, যুগ্ম-নিবন্ধক মোঃ শফিউদ্দিন আহমেদ, সহকারী নিবন্ধক মাহমুদা বেগম ছায়া, সহকারী নিবন্ধক সালেহা চৌধুরী, গবেষণা অনুসন্ধানকারী শিরিন আক্তার, প্রশাসনিক কর্মকর্তা মোঃ আশরাফুল কাফি, হিসাব রক্ষণ কর্মকর্তা আব্দুল মান্নান ফকির, শাখা প্রধান এ কে এম মঞ্জুরুল হক প্রমুখ। অনুষ্ঠানে সমবায় অধিদপ্তরের কর্মকর্তা ও কমচারীগণ উপস্থিত ছিলেন।

## নাটোর জেলার শ্রেষ্ঠ কর্মকর্তা মনোনীত



নাটোর জেলা প্রশাসকের কার্যালয় থেকে সরকারি কাজে গতিশীলতা আনায়নে জেলা সমবায় কর্মকর্তা এ, কে, এম, নাজমুল হুদাকে ফেব্রুয়ারি ২০১৮ মাসে জেলার শ্রেষ্ঠ কর্মকর্তা মনোনীত করা হয়েছে।

# সমবায় অধিদপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিন এবং জাতীয় শিশু দিবস পালন




গত ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিন এবং জাতীয় শিশু দিবস। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের এই দিনে তদানীন্তন ভারত উপমহাদেশের বঙ্গ প্রদেশের অন্তর্ভুক্ত ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধুর সাহসী ও আপসহীন নেতৃত্বে অনুপ্রাণিত হয়েই পাকিস্তানি ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে স্বাধীনতা সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছিল বীর বাঙালি। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষ্যে সমবায় অধিদপ্তরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সকাল ৯টায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মো. আব্দুল মজিদ এর নেতৃত্বে সকল কর্মকর্তা-কর্মচারি পুস্পস্তবক অর্পন করে। সকাল ১০ টায় "মুক্তিযুদ্ধ" বিষয়ক চিত্রাংকন প্রাতযোগিতায় কর্মকর্তা-কর্মচারিগণের সন্তানগণ অংশগ্রহণ করে। এ উপলক্ষে কেক কাটা হয় এবং শিশু কিশোরদের মধ্যে বিতরণ করা হয়। পরিশেষে চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।






# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় সমবায় অধিদপ্তর





দেশের সমবায়ীদের উৎপাদিত পণ্য ব্রান্ডিং, বাজারজাত ও প্রচারের জন্য সমবায় অধিদপ্তর উদ্যোগ গ্রহণ করছে। এর ধারাবাহিকতায় সমবায় অধিদপ্তরের পক্ষ থেকে ২২তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলা-২০১৮ এ সমবায় অধিদপ্তর তৃতীয়বারের মতো অংশগ্রহণ করেছে। মেলায় সমবায় অধিদপ্তরের স্টল উদ্বোধন করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মাফরূহা সুলতানা। এ মেলায় সমবায়ীদের উৎপাদিত হস্ত ও চামড়া শিল্পজাত পণ্য, পাটের তৈরী ব্যাগ, শোপিচ, মাটির তৈরি আকর্ষনীয় তৈজসপত্র, তৈরী পোষাক, খাদ্য দ্রব্যসহ বিভিন্ন পণ্য প্রদর্শন ও বিক্রয় করা হয়।





# উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির সহযোগিতায় ঝিকরগাছায় সমবায়ের মাধ্যমে "ভেড়া পালন"

উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় সমবায়ের মাধ্যমে যশোর জেলার ঝিকরগাছা উপজেলার রঘুনাথনগর কর্মজীবী সমবায় সমিতি লিঃ এর তত্ত্বাবধানে বাণিজ্যিকভাবে ভেড়াপালন কর্মসূচীর শুভসূচনা করা হয়। এ উদ্যোগটির পেছনে মূলতঃ প্রধান ভুমিকা পালন করেন ঝিকরগাছা উপজেলার উপজেলা সমবায় অফিসার। প্রধানমন্ত্রির কোন এক টেলিভিশন সাক্ষাৎকারে বাণিজ্যিকভাবে ভেড়া চাষ ও ভেড়ার মাংস খাওয়ার প্রবনতা বাড়ানোর আহবানে উদ্বুদ্ধ হয়েই ঝিকরগাছা উপজেলা সমবায় অফিসার এ উদ্যোগটি গ্রহণ করেন। এজন্য উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ভেড়া পালনের মাধ্যমে উদ্যোক্তা তৈরির লক্ষ্যে এক লক্ষ টাকার বরাদ্দ প্রদান করা হয়। আর এজন্য সমবায়ীদের মাঝে ভেড়া পালনের উপকারিতা নিয়ে উক্ত উপজেলার সমবায় সমিতিগুলোর মাঝে ব্যাপক প্রচারনা চালানো হয়।

একপর্যায়ে ঝিকরগাছা উপজেলার রঘুনাথনগর গ্রামের বাসিন্দা আহম্মেদ ফারুক বিষয়টি অনুধাবন করেন এবং তিনি স্বপ্ন দেখেন ভেড়া চাষের মাধ্যমে তার অবস্থার পরিবর্তন সম্ভব। তাই তিনি উপজেলা সমবায় কর্মকর্তার দ্বারস্থ হন। ঝিকরগাছা উপজেলা সমবায় অফিসার আহম্মেদ ফারুককে নিয়ে পাশ্ববর্তী জেলা চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সফল কিছু ভেড়ার খামার পরিদর্শন করেন এবং ভেড়া পালন বিষয়ে নির্দেশনামূলক উপদেশ নেন।



উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ভেড়া পালনের মাধ্যমে উদ্যোক্তা তৈরির লক্ষ্য উপজেলা সমবায় কমকর্তার অনুকূলে এক লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়

বর্তমানে চুয়াডাঙ্গা এবং মেহেরপুর জেলার খামারিরা গাড়ল প্রজাতির ভেড়া চাষ করে ব্যাপকভাবে লাভবান হয়েছে এবং তাদের অবস্থার পরিবর্তন করতে সামর্থ হয়েছে। এই গাড়ল প্রজাতির ভেড়া পালনের প্রচলন আমাদের পাশ্ববর্তী দেশ ভারতের রাজস্থান থেকে আমাদের দেশে প্রথম চুয়াডাংগা ও মেহেরপুর জেলায় শুরু হয়। এরপর আস্তে আস্তে এ ভেড়া চাষের প্রচলন দেশের বিভিন্ন অঞ্চলে বাণিজ্যিকভাবে ছড়িয়ে পড়ে। এই গাড়ল প্রজাতির ভেড়ার ২-৩ মাস বয়সী প্রতিটি বাচ্চার দাম ১০-১১ হাজার টাকা। এ বাচ্চা ৫-৭ মাস পালনের পর ৩০-৪০ হাজার টাকা পর্যন্ত হয়ে থাকে। এই জাতীয় ভেড়ার প্রতি কেজি মাংসের দাম ৭০০ টাকা। ঢাকা ও চট্টগ্রামে এই ভেড়ার মাংসের খুব চাহিদা থাকায় দামও বেশী। এই জাতীয় ভেড়ার মাংস কোলেস্টরল ফ্রী এবং এতে চর্বির পরিমাণও কম থাকায় সকলের কাছে তা খুব প্রিয়। আর এ ভেড়া পালনও সহজসাধ্য। এদের রোগ ব্যাধি প্রায় হয় না বললেই চলে। এরা খাদ্য হিসেবে গরু মহিষের মতই খড়, ভুট্টা, খৈল, ভুষি ও ঘাস জাতীয় খাবার খেয়ে থাকে। তাই বাণিজ্যিকভাবে এ ভেড়া পালন সমবায়ী তথা গরীব মানুষের ভাগ্যোন্ননে ব্যাপকভাবে ভুমিকা রাখবে।



‘জাতিসংঘের উন্নয়নের সব সূচকে বাংলাদেশ তার লক্ষ্য পূরণ করে এগিয়ে আছে’

– প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনাকে মনোনীত করেছে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা সংস্থা দ্য স্ট্যাটিসটিক্স। সরকারের অর্জনে দেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, তারা আস্থা রেখেছে বলে এ অর্জন সম্ভব হয়েছে। জাতিসংঘের উন্নয়নের সব সূচকে বাংলাদেশ তার লক্ষ্য পূরণ করে এগিয়ে আছে বলেও জানান প্রধানমন্ত্রী। বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নেতৃত্বে উন্নয়নের সব সূচক পূরণ করে এখন উন্নয়নশীল দেশ হিসেবে যাত্রা শুরু করেছে বাংলাদেশ। এ অর্জনে অভিনন্দন প্রস্তাব গ্রহণ করে মন্ত্রিসভা। বলা হয়, এই ধারাবাহিকতা আরো ছয় বছর অব্যাহত থাকলে ২০২৪ সালে জাতিসংঘ সাধারণ অধিবেশনে উন্নয়নশীল দেশ হিসেবে চূড়ান্ত স্বীকৃতি পাবে বাংলাদেশ।





সম্পাদনা পরিষদ : উপদেষ্টা : মোঃ আব্দুল মজিদ, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর; সভাপতি : মোঃ ফখরুল ইসলাম, অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)
সদস্য : অঞ্জন কুমার সরকার, যুগ্ম নিবন্ধক (ইপিপি) ● কাজী মেসবাহ্ উদ্দিন আহমেদ, উপ নিবন্ধক (ইপি)
● মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী, উপ নিবন্ধক (পিপি) ● সদস্য সচিব : মোঃ সাইফুল ইসলাম, সম্পাদক

সমবায় অধিদপ্তরের প্রচার ও প্রকাশনা শাখা হতে প্রকাশিত। ফোন : ৯১৪০৮৭৭, ৮১২৯৬৫৪, ৯১০৩৪০৯, ৮১২৭৯৪৩
e-mail: coop_bangladesh@yahoo.com, website: www.coop.gov.bd, ফ্যাক্স : ৯১৩৬৫৯৫